গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
কর্মসম্পাদন ও কৌশল শাখা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের (জুলাই ২০২২-সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত) অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	এন এম জিয়াউল আলম সিনিয়র সচিব
সভার তারিখ	০৭ সেপ্টেম্বর ২০২২ খ্রি.
সভার সময়	বেলা ১১:০০ টা
স্থান	সম্মেলনকক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশলের বিকল্প ফোকাল পয়েন্ট (উপসবচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখা)-কে অনুরোধ করেন। বিকল্প ফোকাল পয়েন্ট সভায় আলোচ্যসূচির বিষয়বস্তু উপস্থাপন করেন। সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস), সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার), তথ্য অধিকার (আরটিআই) বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ বিভাগের কার্যক্রমসমূহ উপস্থিত সকলকে অবহিত করেন। উপস্থাপিত আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা হয়:

(ক) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

ক্রম. নং	সিদ্ধান্ত	অগ্রগতি	বাস্তবায়নের হার
১.	প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে আরও গুরুত্বপ্রদান করতে হবে।	গুরুত্ব প্রদান করা হয়।	১০০%
২.	এ বিভাগে আগত সেবাগ্রহণকারীদের নির্বিঘ্নে প্রবেশের বিষয়ে অস্থায়ী পাশ প্রদান হালনাগাদকরণের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	১০০%
৩.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদনের তথ্য সংগ্রহ, ওয়েবসাইটে প্রকাশ ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে	প্রেরণ করা হয়েছে।	১০০%

(খ) সভার আলোচনা ও সিদ্ধান্ত: সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও সুশাসন নিয়ে অংশীজন সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। উল্লেখ্য যে, সুশাসন নিশ্চিতকরণের নিমিত্ত উক্ত সভায় উপস্থিত অংশীজনদের মধ্যে এ বিভাগ হতে উদ্ভাবনী এবং বিশেষ অনুদান প্রাপ্ত জনাব মো: তাওহিদুল ইসলাম ই-ভ্রাণ শিরোনামে একটি প্রকল্প একটি নির্দিষ্ট উপজেলায় পাইলটিং এর জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুমতি প্রদানের জন্য যে শর্ত রয়েছে সে বিষয়ে

বিভাগ হতে সার্বিক সহোযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন । জনাব আবুল হাসনাত মুহাম্মদ সোলায়মান, অধ্যাপক, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এ বিভাগ হতে উদ্ভাবনী ও বিশেষ অনুদান প্রাপ্তির নিমিত্ত প্রেজেন্টেশন অনলাইনে রিভাইজড এর ব্যবস্থা রাখার জন্য প্রস্তাব করেন। বেসিস, বাক্কো, ই-ক্যাব ও বাংলাদেশ কম্পিউটার সমিতি হতে আগত প্রতিনিধিগণ এ বিভাগের সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে বিভিন্ন মতামত ব্যক্ত করেন। অত:পর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	এ বিভাগ হতে উদ্ভাবনী ও বিশেষ অনুদান প্রাপ্তির নিমিত্ত প্রেজেন্টেশন রিভাইজড অনলাইনে করা যায় কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাকে ইউ নোট প্রেরণ করতে হবে।	উপসচিব উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখা
২.	এ বিভাগ হতে উদ্ভাবনী ও বিশেষ অনুদান এবং উচ্চ শিক্ষার জন্য যে ফেলোশীপ ও বৃত্তি প্রদান করা হয় সে বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে আরও ব্যাপক প্রচার প্রচারনা করতে হবে।	সিস্টেম এনালিস্ট ডিজিটাল গভর্নেন্স শাখা
৩.	চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আইসিটি শিল্পের বর্তমান অগ্রগতির বিষয়ে সার্ভে করার সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্ত বিসিসি ও হাই-টেক পার্ক কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করতে হবে।	সংস্থা-২ শাখা ও সংস্থা-৩ শাখা

অত:পর সভাপতি মহোদয় ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এন এম জিয়াউল আলম
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৫০.০৫.০০১.২১.৯৯

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯
১১ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর/সংস্থার প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
২) অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৩) যুগ্মসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৪) উপসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৫) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ডিজিটাল গভর্নেন্স ও ইমপ্লিমেন্টেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৭) সিনিয়র মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, ডিজিটাল সিকিউরিটি ও অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৮) সিস্টেম এনালিস্ট , ডিজিটাল কো-অর্ডিনেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৯) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১০) প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), ডিজিটাল কো-অপারেশন শাখা , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো]

১১) সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, ই-সার্ভিস ইমপ্লিমেন্টেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১২) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব ও নিরীক্ষা শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৩) সভাপতি, বেসিস, বিডিবিএল ভবন (৫ম তলা), কারওয়ান বাজার, ঢাকা।

১৪) সভাপতি, বাক্কো, হাউজ-৯০, রোড-০৬, ব্লক-এফ বনানী, ঢাকা-১২১৩

১৫) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি, হাউজ-৩৩/বি, রোড-০৪, ধানমন্ডি, ঢাকা-১২০৫

১৬) সভাপতি, ই-ক্যাব, বাড়ি-২৯ (এম-এ), রোড-০৬, ধানমন্ডি, ঢাক।

১৭) মো: শাহিন মিয়া, সেজুতি হেলথ এন্ড এডুকেশন ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (সিডফ), বাড়ী নং-৫৮০, ওয়ার্ড নং-৭, ফিডার রোড, উপজেলা-গলাচিপা, জেলা-পটুয়াখালী

১৮) মো: সাইদুল হক, ব্লাইন্ড এডুকেশন এন্ড রিহেবিলিটেশন ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (বার্ডো), নির্বাহী পরিচালক, বার্ডো ৩/১, রেড#১১, রূপনগর আ/এ, মিরপুর, ঢাকা-১২১৬।

১৯) আবুল হাসানাত মুহাম্মদ সোলায়মান, অধ্যাপক, ডিপার্টমেন্ট অব হার্টিকালচার, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠাতা প্রকল্প পরিচালক, ফ্যাব-ল্যাব শেকৃবি

২০) মো: তাওহিদুল ইসলাম, ই-ত্রাণ, ৫৩/সি পূর্ব রাজা বাজার, তেজগাঁও, ঢাকা।

২১) সানি জুবায়ের, ডিফেন্ডার-অগ্নিনির্বাপক রোবট, এইচএসসি'র শিক্ষার্থী, বিজ্ঞান বিভাগ, ঢাকা কলেজ, বাড়ি-১৩, রোড-১০, ব্লক-এম. দক্ষিণ বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯

২২) প্রফেসর ডাক্তার এম. এ. হাই, সিমেড হেলথ লিমিটেড,, ধানমন্ডি সাত মসজিদ রোড, ফ্লাট#সি ৫, বাড়ী #৭৬১, সাফুরা গ্রীন, ঢাকা-১২০৯

এস. এম. শফিক
উপসচিব